

প্রেস বিজ্ঞপ্তি

০৬ এপ্রিল ২০২০

ক্ষুদ্র (কুটির শিল্পসহ) ও মাঝারি শিল্প প্রতিষ্ঠানগুলোর জন্য স্বল্প সুদে ঋণ সুবিধা দিতে ২০ হাজার কোটি টাকার ওয়ার্কিং ক্যাপিটাল প্রদানের ঘোষণা দেয়ায় মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে এসএমই ফাউন্ডেশনের পক্ষ থেকে ধন্যবাদ।

গত ০৫ এপ্রিল ২০২০ রবিবার সংবাদ সম্মেলনে করোনা ভাইরাসের প্রাদুর্ভাবে দেশের অর্থনৈতিক প্রভাব মোকাবেলায় চারটি প্রণোদনা প্যাকেজের মধ্যে দ্বিতীয় প্যাকেজে ক্ষুদ্র (কুটির শিল্পসহ) ও মাঝারি শিল্প প্রতিষ্ঠানগুলোর জন্য ব্যাংক ব্যবস্থার মাধ্যমে স্বল্পসুদে ওয়ার্কিং ক্যাপিটাল প্রদানের লক্ষ্যে ২০ হাজার কোটি টাকার একটি ঋণ সুবিধা প্রণয়নের ঘোষণা দেন মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা। ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তা প্রতিষ্ঠানগুলোর জন্য এ ঋণের সুদের ৯ শতাংশের মধ্যে ৪ শতাংশ সুদ ঋণগ্রহীতা পরিশোধ করবে এবং অবশিষ্ট ৫ শতাংশ সরকার ভর্তুকি হিসেবে সংশ্লিষ্ট ব্যাংককে প্রদান করবে। সেই সাথে দেশীয় পণ্যের উৎপাদন বৃদ্ধি এবং দেশের সকল জনগণকে তা ব্যবহার করতে মাননীয় প্রধানমন্ত্রীর আহবান দেশের প্রায় ৭৮ লাখ কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি শিল্প উদ্যোক্তার পণ্যের বাজার সম্প্রসারণে গুরুত্বপূর্ণ অবদান রাখতে সক্ষম হবে বলেও মনে করে এসএমই ফাউন্ডেশন। বর্তমান পরিস্থিতি উত্তরণে এসএমই উদ্যোক্তাদের জন্য মাননীয় প্রধানমন্ত্রীর এই সিদ্ধান্ত সময়পোষোগী ও বাস্তবমুখী হয়েছে বলে মনে করছে এসএমই ফাউন্ডেশন।

মোঃ সফিকুল ইসলাম

ব্যবস্থাপনা পরিচালক

এসএমই ফাউন্ডেশন